عَزِيْزُ الْمُبْتَدِىْ

মীযানুসসরফ
ও
মুনশায়িব

ইসলামিয়া কুতুবখানা ঢাকা

www.pathagar.com

বাংলাদেশের সকল মাদরাসার ছাত্র-ছাত্রীদের জন্য পাঠ্যপুস্তক হিসেবে লিখিত

আযীযুল মুবতাদী

বা

মীযানুস্‌সরফ ও মুনশায়িব

[বাংলা সংস্করণ]

www.abswer.com

অনুবাদ ও ব্যাখ্যা
মাওলানা মোহাম্মদ আবুল কাছেম, ফেনী

সম্পাদনা তত্ত্বাবধান
মাওলানা মোহাম্মদ মোস্তফা

ইসলামিয়া কুতুবখানা
৩০/৩২ নর্থব্রুক হল রোড, বাংলাবাজার, ঢাকা

[বাংলা সংস্করণ]

আযীযুল মুবতাদী বা
মীযানুস্‌সরফ ও মুনশায়িব

অনুবাদ ও সম্পাদনা
মাওলানা মোহাম্মদ আবুল কাছেম, ফেনী

প্রকাশক
আলহাজ মাওলানা মোহাম্মদ মোস্তফা

[প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত]

দিকনির্দেশনা
মাওলানা এনামুল হাসান
শিক্ষক : মাদরাসা নূরুল কুরআন, বাহাদুর শাহ পার্ক, ঢাকা

মুদ্রণে
ইসলামিয়া অফসেট প্রিন্টিং প্রেস এন্ড কোং
২৪/এফ, শিরিশদাস লেন, বাংলাবাজার, ঢাকা-১১০০

AL- MAKTABATUL-ISLAMIA
(Islamia Kutubkhana)
30/32 North Brook Hall Road, Banglabazar, Dhaka-1100
E-Mail : info@islamiakutubkhana.com.bd
web : www. islamiakutubkhana.com.bd
mob : +8801787377378

সূচি নির্দেশনা

ক্রমিক নং	বিষয়	পৃষ্ঠা
১.	ভূমিকা	৫
২.	عَزِيْزُ الْمُبْتَدِيْ -এর কয়েকটি বৈশিষ্ট্য	৬
৩.	মীযান অংশ	৬
৪.	মুনশা'য়িব অংশ	৬
৫.	'মীযান' কিতাবের সম্মানিত লেখকের সংক্ষিপ্ত জীবনী	৬
৬.	'মুনশা'য়িব' কিতাবের লেখক পরিচিত	৮

اَلْجُزْءُ الْاَوَّلُ : مِيْزَانُ الصَّرْفِ
প্রথম অধ্যায় : মীযানুস্‌সরফ

৭.	عِلْمُ الصَّرْفِ	ইলমুস্‌সরফ-এর পরিচিতি, আলোচ্য বিষয় ও উদ্দেশ্য	৯
৮.	مِيْزَانُ الصَّرْفِ	মিযানুস্‌সরফ এর পরিচয়	৯
৯.	عِلْمُ الصَّرْفِ	ইলমুস্‌সরফ-এর পরিভাষাসমূহ	১০
১০.	لَفْظ	লফ্‌য বা ধ্বনি	১১
১১.	كَلِمَة	শব্দ-এর পরিচিতি ও প্রকারভেদ	১১
১২.	بَحْث اَفْعَالِ مُتَصَرِّفَه	রূপান্তরশীল فِعْل -সমূহের আলোচনা	১১
১৩.	فِعْل	ক্রিয়া-এর বিস্তারিত বিবরণ	১২
১৪.	اَلْمَصْدَرُ	ক্রিয়ামূল	১৩
১৫.	أَقْسَامُ الْفِعْلِ	ক্রিয়ার প্রকারভেদ	১৪
১৬.	اَلْفَاعِلُ	কর্তা	১৬
১৭.	وَزْنُ الْأَفْعَال	ক্রিয়ার মানদণ্ড	১৬
১৮.	اَلضَّمِيْرُ	সর্বনাম	১৭
১৯.	بَحْث فِعْل مَاضِيْ	অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	১৯
২০.	بَحْث فِعْل مَاضِيْ مُطْلَق	সাধারণ অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	১৯
২১.	بَحْث فِعْل مَاضِيْ قَرِيْب	নিকটবর্তী অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	২৬
২২.	بَحْث فِعْل مَاضِيْ بَعِيْد	দূরবর্তী অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	৩০
২৩.	بَحْث فِعْل مَاضِيْ اِسْتِمْرَارِيْ	চলমান অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	৩৪
২৪.	بَحْث فِعْل مَاضِيْ اِحْتِمَالِيْ	সন্দেহসূচক অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	৩৮
২৫.	بَحْث فِعْل مَاضِيْ تَمَنَّائِيْ	আকাঙ্ক্ষাসূচক অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা	৪২
২৬.	بَحْث فِعْل مُضَارِعْ	বর্তমান বা ভবিষ্যৎকালবাচক ক্রিয়ার আলোচনা	৪৭

www.alsweet.com

ক্রমিক নং		বিষয়	পৃষ্ঠা
২৭.	نَفْيُ تَاكِيْد بِلَنْ دَر فِعْل مُسْتَقْبِل	لَنْ যোগে না-বোধক ভবিষ্যৎকালবাচক ক্রিয়ার বিবরণ	৫৩
২৮.	نَفْيُ جَحْد بِلَمْ دَر فِعْل مُسْتَقْبِل	لَمْ যোগে না-বোধক ভবিষ্যৎকালবাচক ক্রিয়ার বিবরণ	৫৬
২৯.	لَامِ تَاكِيْد بَا نُوْنِ تَاكِيْد ثَقِيْلَه	নিশ্চয়তাসূচক "ل" এবং তাশদীদযুক্ত "ن"এর বিবরণ	৬০
৩০.	لَامِ تَاكِيْد بَا نُوْنِ تَاكِيْد خَفِيْفَه	নিশ্চয়তাসূচক "ل" এবং জযমযুক্ত "ن"এর বিবরণ	৬৩
৩১.	بَحْث فِعْل أَمْر	আদেশসূচক ক্রিয়ার আলোচনা	৬৬
৩২.	بَحْث فِعْل نَهْيْ	নিষেধাজ্ঞাসূচক ক্রিয়ার আলোচনা	৭৭
৩৩.	إِسْم مُشْتَق	নির্গত বিশেষ্য	৮৫
৩৪.	بَحْث إِسْم فَاعِل	কর্তৃবাচক বিশেষ্যের আলোচনা	৮৫
৩৫.	بَحْث إِسْم مَفْعُوْل	কর্মবাচক বিশেষ্যের আলোচনা	৮৬
৩৬.	بَحْث إِسْم ظَرْف	কর্মবাচক বিশেষ্যের আলোচনা	৮৭
৩৭.	بَحْث إِسْم آلَه	যন্ত্র বা উপকরণবাচক বিশেষ্যের আলোচনা	৮৮
৩৮.	بَحْث إِسْم تَفْضِيْل	তুলনাবাচক আধিক্য অর্থজ্ঞাপক বিশেষ্যের আলোচনা	৮৯
৩৯.	اَلتَّمْرِيْنُ	অনুশীলনী	৮৯
৪০.	এক নজরে মীযান		৯০

اَلْجُزْءُ الثَّانِيْ : مُنْشَعِبْ

দ্বিতীয় অধ্যায় : মুনশা'য়িব

৪১.	مُنْشَعِبْ	মুনশা'য়িব- এর পরিচিতিসহ কতিপয় পরিভাষা	৯১
৪২.	أَفْعَال مُتَصَرِّفَه وَأَسْمَاء مُتَمَكِّنَه	রূপান্তরশীল ক্রিয়া ও পরিবর্তনশীল বিশেষ্যের আলোচনা	৯২
৪৩.	বাবের হিসাব		৯৩
৪৪.	أَبْوَاب ثُلَاثِيْ مُجَرَّد مُطَّرِد	ثُلَاثِيْ مُجَرَّد مُطَّرِد -এর বাবসমূহ	৯৩
৪৫.	أَبْوَاب ثُلَاثِيْ مُجَرَّد شَاذ	ثُلَاثِيْ مُجَرَّد شَاذ -এর বাবসমূহ	১০৩
৪৬.	أَبْوَاب ثُلَاثِيْ مَزِيْد فِيْه	ثُلَاثِيْ مَزِيْد فِيْه -এর বাবসমূহ	১১০
৪৭.	ثُلَاثِيْ مَزِيْد فِيْه غَيْر مُلْحَق مَعَ هَمْزَه وَصْل	ثُلَاثِيْ مَزِيْد فِيْه هَمْزَه وَصْل সহকারে -এর বাবসমূহ	১১২
৪৮.	ثُلَاثِيْ مَزِيْد فِيْه غَيْر مُلْحَق بِغَيْر هَمْزَة الْوَصْل	ثُلَاثِيْ مَزِيْد فِيْه هَمْزَه وَصْل বিহীন -এর বাবসমূহ	১২৩
৪৯.	رُبَاعِيْ	চার অক্ষরবিশিষ্ট ৪টি বাব	১৩৩
৫০.	رُبَاعِيْ مَزِيْد فِيْه بِغَيْر هَمْزَة الْوَصْل	رُبَاعِيْ مَزِيْد فِيْه هَمْزَه وَصْل বিহীন-এর ১টি বাব	১৩৫
৫১.	رُبَاعِيْ مَزِيْد فِيْه مَعَ هَمْزَة الْوَصْل	رُبَاعِيْ مَزِيْد فِيْه هَمْزَه وَصْل সহকারে-এর ২টি বাব	১৩৬
৫২.	ثُلَاثِيْ مَزِيْد فِيْه مُلْحَق بِرُبَاعِيْ	ثُلَاثِيْ مَزِيْد فِيْه مُلْحَق بِرُبَاعِيْ-এর ১৭ বাব	১৩৮
৫৩.	ثُلَاثِيْ مَزِيْد فِيْه مُلْحَق بِرُبَاعِيْ مَزِيْد فِيْه	ثُلَاثِيْ مَزِيْد فِيْه مُلْحَق بِرُبَاعِيْ مَزِيْد فِيْه-এর ১০ বাব	১৪৬
৫৪.	اَلتَّمْرِيْنُ	অনুশীলনী	১৫২

www.ibrwel.com

بسم الله الرحمن الرحيم

ভূমিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহর জন্য, যিনি বনী আদমকে কুরআনি জ্ঞান শিক্ষা দিয়ে প্রকৃত মানুষে পরিণত করেছেন, সালাত ও সালাম বর্ষিত হোক বিশ্বনবী হযরত মুহাম্মদ ﷺ, তাঁর পরিবারবর্গ ও সকল সাহাবায়ে কেরাম (রা.) -এর উপর।

মানবজাতির ইহকালীন শান্তি ও পরকালীন মুক্তির জন্য আল্লাহ রাব্বুল আলামীন যে মহাগ্রন্থ 'আল কুরআন' নাজিল করেছেন তার ভাষা আরবি। রাসূলুল্লাহ ﷺ -এর ভাষাও ছিল আরবি, যার ফলে ইসলামি শরিয়তের যাবতীয় বিধি-বিধান আরবি ভাষার উপরই নির্ভরশীল, তাই মুসলমান নর-নারীর জন্য আরবি ভাষা পড়তে, বলতে, লিখতে ও বুঝতে শেখা একান্ত আবশ্যক। যে কোনো ভাষা শুদ্ধরূপে শেখার জন্য প্রয়োজন, সে ভাষার ব্যাকরণের উপর জ্ঞানার্জন করা। আরবি ব্যাবকরণের প্রাথমিক শাখাটি হলো 'ইলমুস সরফ'।

দীর্ঘদিন থেকে 'ইলমুস সরফ' বিষয়ে লিখিত 'মীযান' ও মুনশায়িব' কিতাব দু'টি প্রাথমিক শিক্ষার্থীদের জন্য খুবই উপকারী ও সহায়ক বলে বিবেচিত হয়ে আসছে। বর্তমানে আমাদের মাদরাসাগুলোতে শিক্ষাদানের মাধ্যম বাংলা হওয়াতে ফার্সী ভাষায় রচিত উক্ত কিতাবদ্বয় অনুধাবন করা ছাত্রদের জন্য অত্যন্ত কষ্টকর ও দুর্বোধ্য হয়ে দাঁড়িয়েছে। তাই মাতৃভাষা চর্চার প্রতি গুরুত্বারোপ করে, ছাত্রদের সহজে ও সুস্পষ্টভাবে অনুধাবন করানোর লক্ষ্যে উক্ত কিতাবদ্বয়কে 'আযীযুল মুবতাদী' বা 'মীযানুস সরফ ও মুনশায়িব' নামে বাংলায় সংকলন করা হয়েছে।

কিছুটা ব্যাখ্যা বিশ্লেষণ সমৃদ্ধ হওয়ায় সুদীর্ঘ তিন যুগেরও বেশি সময়কাল ধরে কিতাবটি ছাত্র-ছাত্রীদের জন্য অত্যন্ত উপকারী হিসেবে প্রমাণিত হয়ে আসছে।

সম্মানিত শিক্ষক-শিক্ষিকাগণ যদি অত্র কিতাবের বিভিন্ন অনুশীলনীতে উল্লিখিত 'শিক্ষক-নির্দেশনা' অনুযায়ী যথাযথ পদ্ধতিতে 'ইলমুস সরফ' বিষয়ক এ ব্যাখ্যামূলক কিতাবখানা ছাত্র-ছাত্রীদেরকে অনুশীলন করান, ক্লাসে দৈনিক একাধিক مصدر দ্বারা বিভিন্ন প্রকার فعل -এর পূর্ণাঙ্গ تصريف তথা রূপান্তরগুলো তাদের মুখ থেকে মুখস্থ শুনেন এবং তাদেরকে তা নিজ নিজ খাতায় ছক আকারে সাজিয়ে লিখে দেখাতে বলেন, তাহলে 'ইলমুস সরফ' বিষয়ে ছাত্র-ছাত্রীরা পর্যাপ্ত জ্ঞানলাভে সক্ষম হবে। আর তা তাদেরকে আরবি ভাষা পড়তে, লিখতে ও বলতে পারঙ্গমতা সৃষ্টির ক্ষেত্রে যথেষ্ট সহায়ক হবে বলে আমরা আশাবাদী। পরিশেষে ইসলামী জ্ঞান-বিজ্ঞান চর্চার মহান সাধনা ও অধ্যাবসায় নিমগ্ন সর্বস্তরের ছাত্র-শিক্ষকগণের প্রতি সার্বিক বিষয়ে আমাদের শুভ কামনা রইল।

বিনীত

প্রকাশক

عَزِيْزُ الْمُبْتَدِيْ -এর কয়েকটি বৈশিষ্ট্য

মীযান অংশ

* কিতাবের শুরুতে ইলমুস সরফ ও মীযান সম্পর্কিত কতিপয় গুরুত্বপূর্ণ বিষয় উপস্থাপন।
* প্রত্যেকটি বহছ-এর শুরুতে বহছ পরিচিতি ও গঠনপ্রণালী সংযুক্ত করণ।
* প্রত্যেকটি বহছ-এ সীগাহসমূহের অর্থ উল্লেখ করণ।
* প্রতিটি অধ্যায়ের শেষে শিক্ষক-নির্দেশিকাসহ গুরুত্বপূর্ণ অনুশীলনী সংযোজন।
* মীযান অংশের শেষে এক নজরে ৬৫টি বহছ উপস্থাপন।

মুনশা'য়িব অংশ

* মুনশা'য়ব অংশের শুরুতে মুনশায়িবের গুরুত্বপূর্ণ পরিভাষাগুলোর সংক্ষিপ্ত পরিচিতি তুলে ধরা।
* বাবগুলোকে প্রথমে مَوْزُوْن ও অর্থসহ ছকের মাধ্যমে দেখানো।
* صَرْف صَغِيْر -গুলোকে ছকের মাধ্যমে আলাদা করে صِيْغَة ও بَحْث অর্থসহ উপস্থাপন।
* প্রত্যেকটি بَاب -এর صَرْف صَغِيْر আলোচনার পর উক্ত বাবে সর্বাধিক ব্যবহৃত مَصْدَر -গুলো থেকে اِسْم فَاعِل ও نَهِي, أَمْر, مُضَارِع, مَاضِي -এর প্রথম সীগাহটি ছকের মাধ্যমে অর্থসহ উপস্থাপন।

মীযান কিতাবের সম্মানিত লেখকের সংক্ষিপ্ত জীবনী

নাম : মীযান -এর লেখক কে? এ ব্যাপারে যদিও নানা মত রয়েছে, তবে 'তা'দাদুল উলূম' -এর গ্রন্থকার -এর ভাষ্য অনুযায়ী [যা অধিকাংশ আলেমের মতও বটে] এ কিতাবটির লেখকের নাম হলো সিরাজুদ্দীন (র.)।

জন্ম ও বংশ পরিচয় : তিনি তদানীন্তন বাঙলোর রাজধানী পান্ডোয়া-এর উত্তর পশ্চিম কোণে অবস্থিত দিনাজপুর জেলার 'আওধ' নামক স্থানে জন্মগ্রহণ করেন। তাঁর পূর্ণ নাম হলো "সিরাজুদ্দীন ইবনে ওসমান নিজামী চিশতী আওধী" (র.); উপাধী 'আখী সিরাজ আওধী'।

তাঁর শায়েখ ছিলেন হযরত নিজামুদ্দীন, তাই তাঁকে 'নিজামী' বলা হতো। তিনি তরিকায়ে চিশতিয়ার পীর ছিলেন বলেই তাকে 'চিশতী' বলা হয়। আর নিজ জন্মস্থানের দিকে লক্ষ্য করে তাঁকে 'আওধী' বলা হতো।

www.abswer.com

শিক্ষাজীবন : শায়েখ সিরাজুদ্দীন (র.) বাল্যকাল থেকেই ওলিকুল শিরোমণি শাহ নিজামুদ্দীন মুহাম্মদ বদায়ূনী (র.) -এর দরবারে খাদেম হিসেবে নিয়োজিত ছিলেন। পড়া-লেখার অধিক আগ্রহ ও পিপাসা থাকা সত্ত্বেও যৌবনে পদার্পিত হওয়ার পূর্বে শিক্ষা-দীক্ষা অর্জন করার কোনো প্রকার সুযোগ পাননি।

একদা শাহ নিজামুদ্দীন বাদায়ূনী ভারতের ভিন্ন এলাকায় নিজ প্রতিনিধি পাঠানোর মনস্থ করলেন। সে মর্মে বাঙালের জন্য শায়েখ সিরাজ আওধী (র.) -কে প্রতিনিধি হিসেবে মনোনীত করলেন; কিন্তু যখন তিনি একথা জানতে পারলেন, শায়েখ সিরাজ ইলমে জাহেরী বা প্রচলিত দ্বীনি শিক্ষায় শিক্ষিত নন, তখন তিনি বললেন যে, প্রতিনিধির জন্য সর্বপ্রকার ধর্মীয় ইলম থাকা দরকার; কেননা জাহেল বা অজ্ঞ ব্যক্তি শয়তানের মুঠোয় বিধায় তিনি প্রতিনিধিত্বের বিষয়কে মুলতবি রেখে সিরাজকে দ্বীনি শিক্ষা অর্জনের তাগিদ দেন।

শায়েখ সিরাজ এ সুযোগকে আর হাতছাড়া করলেন না, তিনি সর্বপ্রথম ইলমে সরফ শিক্ষার জন্য মাওলানা ফখরুদ্দীন যবাদী (র.) -এর দরবারে উপস্থিত হন এবং তাঁর নিকট মাত্র ছয় মাস অবস্থান করেই ইলমে সরফের যাবতীয় বিষয়ের উপর ব্যুৎপত্তি অর্জন করেন।

ইলমে সরফ শিক্ষা লাভের পর তিনি ইলমে ফিকহ ও নাহু অর্জনের দিকে মনোনিবেশ করেন। আর এ লক্ষ্যে তিনি মাওলানা রুকনুদ্দীন আন্দরপতি -এর দরবারে উপস্থিত হয়ে ফিকহ এবং নাহুর বিভিন্ন কিতাব অধ্যয়ন করেন। সেগুলোর মধ্যে 'কাফিয়া', 'কুদূরী', 'মাজমাউল বাহরাইন' ও 'মুফাস্সাল' উল্লেখযোগ্য।

আধ্যাত্মিক সাধনা ও খেলাফত লাভ : মানবতার পূর্ণতা অর্জনের জন্য ইলমে জাহেরীর সাথে ইলমে বাতেনীরও অপরিসীম প্রয়োজন রয়েছে। আর এ চির সত্যকে বাস্তবায়নের লক্ষ্যে, জাহেরী ইলমের পাশাপাশি বাতেনী ইলম অর্জনের প্রতিও তিনি অধিক মনোযোগী হন। এ লক্ষ্যে তিনি শায়েখ রুকনুদ্দীন শকরগঞ্জ (র.) -এর হাতে বায়'আত গ্রহণ করতঃ ইলমে বাতেনীর শিক্ষা অর্জন করতে থাকেন।

শায়েখ রুকনুদ্দীনের মৃত্যুর সময় ঘনিয়ে এলে তিনি শাহ নিযামুদ্দীনকে এ অসিয়ত করে যান যে, সিরাজ আওধী ইলমে জাহেরীর অধ্যয়ন সমাপ্ত করলে তাঁকে আমার পক্ষ থেকে খেলাফত দান করবে। ইতিমধ্যে রুকনুদ্দীন মৃত্যুবরণ করেন। শায়েখ সিরাজ ইলমে জাহেরীর শিক্ষা সমাপ্ত করে শাহ নিজামুদ্দীনের দরবারে আরো কিছু দিন তরিকতের শিক্ষার্জন করেন। তারপর শাহ নিজামুদ্দীন তাঁকে খেলাফত দান করেন।

কর্মজীবন : শাহ নিজামুদ্দীন (র.) শায়খ সিরাজ আওধী (র.)-কে খেলাফত দ্বারা অলংকৃত করার পর পূর্বপরিকল্পনামাফিক তাঁকে নিজ প্রতিনিধি হিসেবে বাঙালে প্রেরণ করেন। তিনি বাঙালে আগমন করে আবালবৃদ্ধবনিতাকে ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করেন এবং ইসলামি প্রদীপ দ্বারা সর্বত্র আলোকিত করতে থাকেন।

www.eboiwel.com

রচনাবলি : তাঁর রচনাবলির মধ্যে বিশেষভাবে উল্লেখযোগ্য ও সর্বজন সমাদৃত কিতাব হলো তিনটি। যথা– ১. হেদায়াতুন্নাহু ২. পাঞ্জেগাঞ্জ ও ৩. মীযান।

মৃত্যু : মীযান কিতাবের লেখক ৭৫৮ হিজরিতে ইহজগৎ ত্যাগ করে প্রকৃত বন্ধু মহান আল্লাহর সান্নিধ্যে গমন করেন।

মীযান কিতাবের লেখকের নামের ব্যাপারে অন্যান্য অভিমত :

১ম অভিমত : সাধারণভাবে একথা প্রসিদ্ধ যে, 'মীযান' কিতাবের লেখক শেষ সা'দী (র.)। কিন্তু নির্দ্বিধায় বলা যায়, এ কথাটি ভিত্তিহীন, যার কোনো গ্রহণযোগ্য প্রমাণ নেই।

২য় অভিমত : মীযানের লেখক শেখ অজহুদ্দীন ইবনে ওসমান (র.); আর অধিকাংশ শরাহ প্রণেতাগণের নিকট এটাই অগ্রগণ্য মত।

৩য় অভিমত : এ কিতাবের মুসান্নিফ শায়খ ইবনে নাসীরুদ্দীন জৈনপুরী (র.); কিন্তু এ মতের স্বপক্ষে কোনা প্রমাণ বা ভিত্তি খুঁজে পাওয়া যায় না।

'মুনশা'য়িব' কিতাবের লেখক পরিচিত

কানপুর নিজামী প্রেস থেকে প্রকাশিত মীযানুস সরফ-এর ভূমিকার টীকায় লেখা আছে, মুনশা'য়িব কিতাবটি মোল্লা হামযা বাদায়ূনী (র.) রচিত। সাধারণত লোকেরা যে এ কিতাবের লেখক হিসেবে মোল্লা বুযরুছ হেবের কথা বলে মূলত সে কথাটি সঠিক নয়, তবে তাঁর বিস্তারিত জীবনী অনেক অনুসন্ধান করেও পাওয়া যায়নি।

www.eBoswel.com

بِسْمِ اللّٰهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

اَلْحَمْدُ لِلّٰهِ رَبِّ الْعٰلَمِيْنَ وَالْعَاقِبَةُ لِلْمُتَّقِيْنَ وَالصَّلٰوةُ وَالسَّلَامُ عَلٰى رَسُوْلِهٖ مُحَمَّدٍ وَّاٰلِهٖ وَاَصْحَابِهٖ اَجْمَعِيْنَ .

সমস্ত প্রশংসা বিশ্বজগতের প্রতিপালক আল্লাহ তা'আলার জন্য এবং পরকালের কল্যাণ আল্লাহভীরুদের জন্য। সালাত ও সালাম বর্ষিত হোক আল্লাহ তা'আলার রাসূল হযরত মুহাম্মদ ﷺ-এর উপর এবং তাঁর পরিবারবর্গ ও সমস্ত সাহাবায়ে কেরাম (রা.)-এর উপর।

اَلْجُزْءُ الْاَوَّلُ : مِيْزَانُ الصَّرْفِ
প্রথম অধ্যায় : মীযানুস্‌সরফ

عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ]-এর পরিচিতি, আলোচ্য বিষয় ও উদ্দেশ্য :

عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ]-এর পরিচয় :

عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ]-এর শাব্দিক অর্থ : عِلْمٌ [ইলমুন] শব্দের অর্থ– জ্ঞান, বিদ্যা ও শাস্ত্র। আর صَرْفٌ [সারফুন] শব্দের অর্থ– ঘুরানো, ফেরানো, পরিবর্তন করা, রূপান্তর করা ইত্যাদি। সুতরাং عِلْمُ الصَّرْفِ-এর অর্থ হলো রূপান্তর-বিদ্যা বা রূপান্তর-শাস্ত্র।

عِلْمُ الصَّرْفِ -এর পারিভাষিক অর্থ : যে শাস্ত্র দ্বারা শব্দের মূলগঠন ও পরিবর্তনের নিয়ম জানা যায়, তাকে عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ] বলে।

عِلْمُ الصَّرْفِ -এর مَوْضُوْع [আলোচ্য বিষয়] : আরবি ভাষার শব্দসমূহ عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ] এর আলোচ্য বিষয়।

عِلْمُ الصَّرْفِ -এর غَرَض [উদ্দেশ্য] : আরবি ভাষার শব্দসমূহ নির্ভুলভাবে গঠন করা, বলা ও লেখার নিয়ম-পদ্ধতি অবগত হওয়াই عِلْمُ الصَّرْفِ -এর উদ্দেশ্য।

عِلْمُ الصَّرْفِ -এর নামকরণ : صَرْف : অর্থ, পরিবর্তন। যেহেতু عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ]-এর মধ্যে শব্দের পরিবর্তনের নিয়ম নিয়ে আলোচনা করা হয়, তাই এ শাস্ত্রকে عِلْمُ الصَّرْفِ [ইলমুস্‌সরফ] বলে নামকরণ করা হয়েছে।

مِيْزَانُ الصَّرْفِ -এর পরিচয় : مِيْزَانٌ শব্দের অর্থ হলো– মাপকাঠি, পরিমাপক বা দাঁড়িপাল্লা। সুতরাং مِيْزَانُ الصَّرْفِ-এর সম্মিলিত অর্থ হলো– রূপান্তরের পরিমাপক। আর দাঁড়িপাল্লা দ্বারা যেমন বিভিন্ন বস্তু ওজন করা হয় অনুরূপভাবে مِيْزَانُ الصَّرْفِ কিতাবটি দ্বারাও আরবি শব্দাবলি পরিমাপ করে ঠিক করা হয় যে, কোনটি কোন ধরনের, কোনটি কোন পরিমাপের শব্দ এবং কোন শব্দটি কতরূপে রূপান্তরিত হতে পারে? আর আমরা কোনো শব্দ পরিমাপ করে জানতে পারি, উক্ত শব্দটি কয়টি অক্ষরবিশিষ্ট, তা কোন বচনের, শব্দটি কোন পুরুষ এবং এটি কোন লিঙ্গের? ইত্যাদি।

www.eabover.com

عِلْمُ الصَّرْفِ -এর পরিভাষাসমূহ :

ضمہ- পেশকে বলে।

فتحہ- যবরকে বলে।

کسرہ- যেরকে বলে।

تنوین [তানভীন] : দুই যবর, দুই যের ও দুই পেশকে বলে।

حرکت [হরকত] : এক যবর, এক যের ও এক পেশকে বলে।

سکون وجزم [সুকূন ও জযম] : আরবি হরফে হরকত না থাকাকে বলে।

تشدید [তাশদীদ] : এক জাতীয় দুটি হরফ একত্রে মিলিয়ে পড়াকে বলে। যেমন غَضَّ শব্দের উভয় ضاد কে মিলিয়ে পড়া।

مضموم [মাযমূম] : পেশবিশিষ্ট হরফকে مضموم বলে।

مفتوح [মাফতূহ] : যবরবিশিষ্ট হরফকে مفتوح বলে।

مکسور [মাকসূর] : যেরবিশিষ্ট হরফকে مکسور বলে।

متحرک [মুতাহাররিক] : হরকতযুক্ত হরফকে متحرک বলে।

ساکن [সাকিন] : যে হরফে হরকত থাকে না তাকে সাকিন বলে।

مشدد [মুশাদ্দাদ] : তাশদীদযুক্ত হরফকে মুশাদ্দাদ বলে।

حرف علت [হরফে ইল্লত] : حرف علت তিনটি; واو - الف ও یاء যার সমষ্টি হলো وای ;

صیغہ [সীগাহ] শব্দকে, اسم [ইসম] বিশেষ্যকে এবং فعل [ফে'ল] ক্রিয়া বা কাজকে বলে।

জ্ঞাতব্য : علت অর্থ : রোগ-ব্যাধি। আরবের লোকেরা রোগ-ব্যাধিতে আক্রান্ত হলে وای শব্দ দ্বারা তা প্রকাশ করে থাকে। এ কারণে الف - واو ও یاء [হরফ তিনটি] কে حرف علت তথা 'রুগ্‌ণ বর্ণ' বলে। কবি বলেন–

حرف علت نام کردم واو الف یاے را ❋ ہر کہ را دردے رسد ناچرا گوید وائے را

صیغہ [সীগাহ] : সরফ শাস্ত্রে 'সীগাহ' দ্বারা উদ্দেশ্য এটা কোন প্রকারের فاعل [কর্তা]-এর চিহ্ন? তা বুঝানো।

حرف اصلی [মূল অক্ষর] : ঐ হরফকে বলে যা ওযন করার সময় - فاء - عین অথবা -لام কালেমার স্থানে থাকে।

حرف زائد [অতিরিক্ত অক্ষর] : ঐ হরফকে বলে যা ওযন করার সময় - فاء - বা عین অথবা -لام কালেমার স্থানে থাকে না।

وزن [ওযন] : শব্দের মধ্যে যবর, যের ও পেশ দ্বারা যে অবস্থা তৈরি হয় তাকে ওযন বলে।

صرف صغیر [সরফে সগীর] : প্রত্যেক বহছের মূল সীগার গরদানকে বলে।

صرف کبیر [সরফে কাবীর] : প্রত্যেক বহছের বিস্তারিত সীগার গরদানকে বলে।

زمان : কালকে বলে। কাল তিনটি, অতীত কাল, বর্তমান কাল ও ভবিষ্যৎ কাল।

معرب : যে শব্দের শেষের হরফ বা হরকত পরিবর্তন হয়।

مبنی : যে শব্দের শেষের হরফ বা হরকত পরিবর্তন হয় না।

www.eBoiver.com

لَفْظ বা ধ্বনি

تَعْرِيْفُ اللَّفْظ [لَفْظ -এর সংজ্ঞা] : মানুষের মুখ থেকে যে আওয়াজ বের হয়, তাকে لَفْظ বা ধ্বনি বলে। এ ধ্বনি যদি অর্থহীন হয়, তাহলে তাকে مُهْمَلْ বলা হয়। যেমন– نجر -عفل ইত্যাদি। আর যদি ধ্বনিটি অর্থবোধক হয়, তাহলে তাকে مَوْضُوْع বলা হয়। যেমন زَيْدٌ، بَكْرٌ، خَالِدٌ ইত্যাদি। উল্লেখ্য যে, অর্থবোধক لَفْظ-কে كَلِمَه বা পদ বলা হয়ে থাকে। নিম্নে كَلِمَه বা পদ-এর বর্ণনা দেওয়া হলো–

كَلِمَة -এর পরিচিতি ও প্রকারভেদ

كَلِمَة -এর পরিচয় : অর্থবোধক একক শব্দকে كَلِمَه [পদ] বলে।

كَلِمَة -এর প্রকারভেদ : كَلِمَة [পদ] তিন প্রকার। যথা– ১. اِسْم যেমন– رَجُلٌ ২. فِعْل যেমন– نَصَرَ ৩. حَرْف যেমন– مِنْ

اِسْم -এর পরিচয় : যে كَلِمَه [শব্দ] অন্য কোনো শব্দের সাহায্য ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে এবং তার অর্থের মধ্যে অতীত, বর্তমান বা ভবিষ্যৎ কালের কোনো কাল পাওয়া যায় না, তাকে اِسْم বলে। যেমন– رَجُلٌ [একজন পুরুষ]।

فِعْل -এর পরিচয় : যে كَلِمَه [শব্দ] অন্য কোনো শব্দের সাহায্য ছাড়াই নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে এবং তার অর্থের মধ্যে তিন কালের কোনো একটি কাল পাওয়া যায়, তাকে فِعْل বলে। যেমন– ضَرَبَ [সে প্রহার করল]।

حرف -এর পরিচয় : যে كَلِمَه [শব্দ] অন্য কোনো শব্দের সাহায্য ব্যতীত নিজের অর্থ নিজে প্রকাশ করতে পারে না, তাকে حرف বলে। যেমন– مِنْ অর্থ– থেকে, হতে। কিন্তু কোথা থেকে? যদি বলা হয় مِنْ فِيْنِي তাহলে বুঝা যায়, ফেনী থেকে। এখানে فِيْنِي শব্দের সাথে مِنْ হরফটি আসাতে مِنْ -এর অর্থ বুঝা গেছে।

بَحْث اَفْعَالِ مُتَصَرِّفَه [রূপান্তরশীল فِعْل -সমূহের আলোচনা]

فِعْل -এর পরিচয় : ক. যেসব فِعْل বিভিন্ন صيغة বা রূপে রূপান্তরিত হয়, সেগুলোকে الأفعال المتصرفة বলা হয়। খ. অথবা যে فِعْل-এর ماضى - مضارع এবং امر -এর গরদান করা যায়। সমস্ত রূপান্তরশীল فِعْل [ফে'ল] কালের সাথে সম্পর্ক রাখা হিসেবে তিন প্রকার। যথা– ১. مَاضِى [অতীতকাল], ২. مُسْتَقْبِلْ [ভবিষ্যৎকাল], ৩. حَالْ [বর্তমানকাল]। এ তিন প্রকারের فِعْل ব্যতীত অন্য যতগুলো فِعْل আছে, যেমন– اَمْر - نَهِى ইত্যাদি সবগুলো উক্ত তিন প্রকারের فِعْل থেকে গঠিত হয়।

www.abewer.com

১. فِعْلِ مَاضِى [অতীতকালবাচক ক্রিয়া] : যে فِعْل [ক্রিয়া] অতীতকালে কোনো কাজ করেছে বা হয়েছে বুঝায়, তাকে فِعْلِ مَاضِى বলা হয়। فِعْلِ مَاضِى -এর মূল অক্ষরের সংখ্যা কম হোক বা বেশি হোক তার শেষ অক্ষরে সব সময় فَتْحَه [যবর] হবে। যেমন- فَعَلَ -এর ওযনে ضَرَبَ [সে মারল]; فَعِلَ -এর ওযনে سَمِعَ [সে শুনল]; فَعُلَ -এর ওযনে كَرُمَ [সে সম্মানিত হলো]; فَعْلَلَ -এর ওযনে بَعْثَرَ [সে উত্তেজিত করল]।

তবে فِعْلِ مَاضِى -এর শেষে কোনো বাধা থাকলে فَتْحَه [যবর] না হয়ে অন্য হরকতও হতে পারবে। যেমন- فَعَلُوْا -এর মধ্যে বহুবচনের চিহ্ন وَاوْ আসার কারণে فَتْحَه বা যবর হয়নি; বরং وَاوْ -এর সাথে সামঞ্জস্য রেখে ضَمَّه বা পেশ হয়েছে।

২. فِعْلِ مُسْتَقْبِلْ [ভবিষ্যৎকালবাচক ক্রিয়া] : যে فِعْل [ক্রিয়া] ভবিষ্যৎকালে কোনো কাজ করবে বা হবে বুঝায়, তাকে فِعْلِ مُسْتَقْبِلْ বলা হয়।

৩. فِعْلِ حَالْ [বর্তমানকালবাচক ক্রিয়া] : যে فِعْل [ক্রিয়া] বর্তমানকালে কোনো কাজ করছে বা হচ্ছে বুঝায়, তাকে فِعْلِ حَالْ বলা হয়।

فِعْلِ مُسْتَقْبِلْ এবং فِعْلِ حَالْ -এর সীগাহগুলো একই রকম হয়। এ দু'টিকে এক সাথে فِعْلِ مُضَارِعْ [ফে'লে মুজারে'] বলা হয়। فِعْلِ مُضَارِعْ-এর শেষে সব সময় (رَفْع) পেশ হবে। যেমন- يَفْعِلُ -এর ওযনে يَضْرِبُ [সে মারছে বা মারবে]; يَفْعَلُ -এর ওযনে يَسْمَعُ [সে শুনছে বা শুনবে]; يَفْعُلُ -এর ওযনে يَكْرُمُ [সে সম্মানিত হচ্ছে বা হবে]; يُفَعْلِلُ -এর ওযনে يُبَعْثِرُ [সে উত্তেজিত করছে বা করবে]।

তবে فِعْلِ مُضَارِعْ-এর শেষে বাধা থাকলে পেশ না হয়ে অন্য হরকত হতে পারবে। যেমন- تَفْعَلَانِ -এর মধ্যে দ্বিবচনের চিহ্ন اَلِفْ ও نُوْن আসার কারণে ضَمَّه বা পেশ হয়নি; বরং যবর হয়েছে।

فِعْل -এর বিস্তারিত বিবরণ

فِعْل -এর প্রকারভেদ : فِعْل সর্বমোট চার প্রকার। যথা-

১. اَلْفِعْلُ الْمَاضِى ২. اَلْفِعْلُ الْمُضَارِعُ ৩. فِعْلُ الْاَمْرِ ৪. فِعْلُ النَّهْيِ

১. اَلْفِعْلُ الْمَاضِى : فِعْل -এর যে রূপ বা صِيْغَه দ্বারা অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে فِعْلِ مَاضِى বলা হয়। যথা- قَرَأْتُ [আমি পড়লাম]। قَرُبْتُ [আমি নিকটবর্তী হলাম]।

২. اَلْفِعْلُ الْمُضَارِعُ : فِعْل -এর যে রূপ বা صِيْغَه দ্বারা বর্তমান বা ভবিষ্যৎকালে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে اَلْفِعْلُ الْمُضَارِعُ বলা হয়। যথা- اَقْرَأُ [আমি পড়ছি বা পড়বো]। اَقْرُبُ [আমি নিকটবর্তী হচ্ছি বা হবো]। তাহলে বুঝা গেল- فِعْلِ مُضَارِعْ দ্বারা مُسْتَقْبِلْ ও حَالْ দুটো কালকে বুঝানো হয়।

www.Asrwel.com

৩. فِعْلُ الْأَمْرِ : فِعْل -এর যে রূপ বা صِيْغَه দ্বারা কোনো আদেশ করা হয়, তাকে فِعْلُ الْأَمْرِ বলা হয়। যথা- اِقْرَأْ [তুমি পড়] । اُقْرُبْ [নিকটবর্তী হও]।

৪. فِعْلُ النَّهْيِ : فِعْل -এর যে রূপ বা صِيْغَه দ্বারা কোনো কিছু থেকে নিষেধ করা হয়, তাকে فِعْلُ النَّهْيِ বলা হয়। যথা- لَا تَلْعَبْ [তুমি খেলো না] । لَا تَقْرُبْ [তুমি নিকটবর্তী হয়ো না]।

اَلْمَصْدَرُ [ক্রিয়ামূল]

সংজ্ঞা : কালের সাথে সম্পর্ক ব্যতীত যে শব্দ দ্বারা কোনো কাজ করা বা হওয়া বুঝায় এবং যা থেকে فِعْل ও অন্যান্য শব্দ গঠন করা হয়, তাকে مَصْدَرْ বলা হয়। যথা- اَلنَّصْرُ [সাহায্য করা] । اَلْبُعْدُ [দূরবর্তী হওয়া]।

এ দুটি শব্দ দ্বারা যথাক্রমে একটি কাজ করা এবং আরেকটি কাজ হওয়া বুঝানো হয়েছে; কিন্তু এগুলোর সাথে অতীত, বর্তমান ও ভবিষ্যৎ কালের কোনো সম্পর্ক নেই।

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১. عِلْمُ الصَّرْف কাকে বলে?

২. عِلْمُ الصَّرْف -এর উদ্দেশ্য ও বিষয়বস্তু কী? লিখ।

৩. فِعْل -এর زَمَانْ বা কাল কয়টি?

৪. নিম্নের পরিভাষাগুলোর সংজ্ঞা লিখ : مَضْمُوْم - مَفْتُوْح - مَكْسُوْر - سُكُوْن - سَاكِنْ - حَرَكَت - مُتَحَرِّك

৫. كَلِمَه কাকে বলে? তা কত প্রকার ও কী কী? উদাহরণসহ প্রত্যেক প্রকারের সংজ্ঞা লিখ।

৬. الأفعال المتصرفة কাকে বলে?

৭. فِعْل সর্বমোট কত প্রকার ও কী কী? উদাহরণসহ প্রত্যেক প্রকারের সংজ্ঞা লিখ।

৮. مَصْدَر কাকে বলে? উদাহরণসহ লিপিবদ্ধ কর।

৯. নিম্নের فِعْل -গুলোর অর্থ পড়ে কোন্‌টি কোন প্রকার فِعْل লিখ।

يُسَافِرُ [সে ভ্রমণ করছে বা করবে] । جَلَسَ [সে বসল] । اُدْخُلْ [তুমি প্রবেশ কর] । اِجْلِسْ [তুমি বস] । يَنَامُ [সে ঘুমায় বা ঘুমাবে] । لَا تَضْحَكْ [তুমি হাসবে না] । قُمْ [তুমি দাঁড়াও] । اَقُوْلُ [আমি বলছি বা বলবো] । لَا تَجْلِسْ [তুমি বসবে না]।

www.absweb.com

أَقْسَامُ الْفِعْلِ : ক্রিয়ার প্রকারভেদ

فِعْل مَاضِى ও فِعْل مُضَارِعْ উভয়টি দুই প্রকার : ১. مَعْرُوْف [কর্তৃবাচক]; ২. مَجْهُوْل [কর্মবাচক]।

فِعْل مَعْرُوْف -এর পরিচয় : যে فِعْل -এর فَاعِل বা কর্তা জানা আছে, সে فِعْل বা ক্রিয়াকে فِعْل مَعْرُوْف [ফে'লে মারূফ] বলে। যেমন- ضَرَبَ زَيْدٌ [যায়েদ মারল], এখানে ضَرَبَ ফে'ল-এর فَاعِل বা কর্তা زَيْدٌ জানা আছে।

فِعْل مَجْهُوْل -এর পরিচয় : যে فِعْل -এর فَاعِل বা কর্তা জানা থাকে না, সে فِعْل বা ক্রিয়াকে فِعْل مَجْهُوْل [ফে'লে মাজহূল] বলে। যেমন- ضُرِبَ زَيْدٌ [যায়েদকে প্রহার করা হলো], এখানে ضُرِبَ ফে'ল-এর فَاعِل বা কর্তা জানা নেই।

فِعْل مَاضِى ও فِعْل مُضَارِعْ উভয়টি আবার দুই প্রকার : ১. إِثْبَات [হ্যাঁ-বাচক]; ২. نَفِى [না-বাচক]।

فِعْل إِثْبَاتْ [হ্যাঁ-বাচক ফে'ল] : যে فِعْل [ক্রিয়া] হ্যাঁ-বাচক অর্থ বুঝায় বা যে فِعْل [ক্রিয়া] কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে فِعْل إِثْبَاتْ [হ্যাঁ-বাচক ফে'ল] বলে। যেমন- فَعَلَ [সে করল]।

فِعْل نَفِى [না-বাচক ফে'ল] : যে فِعْل [ক্রিয়া] না-বাচক অর্থ বুঝায় বা যে فِعْل [ক্রিয়া] কোনো কাজ না করা বা না হওয়া বুঝায়, তাকে فِعْل نَفِى [না-বাচক ফে'ল] বলে। যেমন- مَا فَعَلَ [সে করেনি]।

আরবি ভাষায় شَخْص [পুরুষ] তিন প্রকার। যথা- ১. غَائِبْ [নাম পুরুষ], ২. حَاضِرْ [মধ্যম পুরুষ], ৩. مُتَكَلِّمْ [উত্তম পুরুষ]।

غَائِبْ [নাম পুরুষ] : যে শব্দ দ্বারা অনুপস্থিত ব্যক্তি বা বস্তু বুঝানো হয়, তাকে غَائِبْ [নাম পুরুষ] বলে। যথা- هُوَ [সে], هُمْ [তারা] ইত্যাদি।

حَاضِرْ [মধ্যম পুরুষ] : যে শব্দ দ্বারা উপস্থিত ব্যক্তি বা বস্তু বুঝানো হয়, তাকে حَاضِرْ [মধ্যম পুরুষ] বলে। যথা- أَنْتَ [তুমি], أَنْتُمَا [তোমরা দুজন] ইত্যাদি।

مُتَكَلِّمْ [উত্তম পুরুষ] : যে শব্দ দ্বারা সম্বোধনকারী নিজে অথবা আমি, আমরা বুঝানো হয়, তাকে مُتَكَلِّمْ [উত্তম পুরুষ] বলে। যথা- أَنَا [আমি], نَحْنُ [আমরা]।

جِنْس [লিঙ্গ] : যে শব্দ দ্বারা স্ত্রী বা পুরুষবাচক হওয়া বুঝায়, তাকে جِنْس [লিঙ্গ] বলে। প্রত্যেকটি সীগাহ কোনো না কোনো লিঙ্গের সাথে সম্পর্কযুক্ত।

www.sbiet.com

লিঙ্গ দু'প্রকার। যথা- ১. مُذَكَّر ২. مُؤَنَّث

مُذَكَّر [পুংলিঙ্গ] : যে শব্দ দ্বারা পুরুষ জাতীয় প্রাণী অথবা বস্তু বুঝানো হয়, তাকে مُذَكَّر বলে। যথা- هُوَ - সে [একজন পুরুষ] أَخٌ [ভাই], اِبْنٌ [ছেলে] ইত্যাদি।

مُؤَنَّث [স্ত্রীলিঙ্গ] : যে শব্দ দ্বারা স্ত্রী জাতীয় প্রাণী অথবা বস্তু বুঝানো হয়, তাকে مُؤَنَّث বলে। যথা- هِيَ - সে [একজন স্ত্রী] أُخْتٌ [বোন], بِنْتٌ [কন্যা] ইত্যাদি।

عَدَد [বচন] : عَدَد অর্থ- সংখ্যা বা পরিমাণ। যে শব্দ দ্বারা ব্যক্তি অথবা বস্তুর সংখ্যা অথবা পরিমাণ বুঝানো হয়, তাকে عَدَد বলে। যথা- رَجُلٌ [একজন পুরুষ] رَجُلَانِ [দু'জন পুরুষ]। প্রত্যেকটি সীগার মধ্যে কোনো না কোনো عَدَد বিদ্যমান থাকে। عَدَد তথা বচন তিন প্রকার। যথা- ১. وَاحِدٌ ২. تَثْنِيَه ৩. جَمْع

وَاحِدٌ [একবচন] : যে শব্দ দ্বারা একটি মাত্র প্রাণী অথবা বস্তু বুঝানো হয় তাকে وَاحِدٌ তথা একবচন বলে। যথা- هُوَ সে [একজন পুরুষ] قَلَمٌ [একটি কলম], كِتَابٌ [একটি বই] ইত্যাদি।

تَثْنِيَه [দ্বিবচন] : যে শব্দ দ্বারা দু'টি মাত্র প্রাণী অথবা বস্তু বুঝানো হয় তাকে تَثْنِيَه তথা দ্বিবচন বলে। যথা- هُمَا [দুজন পুরুষ বা স্ত্রী] قَلَمَانِ [দু'টি কলম], كِتَابَانِ [দু'টি বই] ইত্যাদি।

جَمْع [বহুবচন] : যে শব্দ দ্বারা দু'-এর অধিক প্রাণী অথবা বস্তু বুঝানো হয় তাকে جَمْع তথা বহুবচন বলে। যথা- هُمْ [তারা সকল পুরুষ] أَقْلَامٌ [কলমগুলো], كُتُبٌ [বইগুলো] ইত্যাদি।

فِعْل مَاضِي ও فِعْل مُضَارِعْ উভয়টির পুরুষ, বচন ও লিঙ্গ হিসেবে ১৪টি صِيْغَه [রূপ] রয়েছে। নিম্নে এ চৌদ্দটি সীগার বিস্তারিত বিবরণ দেওয়া হলো-

ক্র. নং	পুরুষ ও লিঙ্গ	সিগাহ নং	সিগাহ	مَاضِي	مُضَارِعْ
১.	مُذَكَّر غَائِب [নাম পুরুষ পুংলিঙ্গ]-এর ৩টি صِيْغَه [রূপ]	১	وَاحِد مُذَكَّر غَائِب [একবচন]	فَعَلَ	يَفْعَلُ
		২	تَثْنِيَه مُذَكَّر غَائِب [দ্বিবচন]	فَعَلَا	يَفْعَلَانِ
		৩	جَمْع مُذَكَّر غَائِب [বহুবচন]	فَعَلُوا	يَفْعَلُوْنَ
২.	مُؤَنَّث غَائِب [নাম পুরুষ স্ত্রীলিঙ্গ]-এর ৩টি صِيْغَه [রূপ]	৪	وَاحِد مؤنث غَائِب [একবচন]	فَعَلَتْ	تَفْعَلُ
		৫	تَثْنِيَه مؤنث غَائِب [দ্বিবচন]	فَعَلَتَا	تَفْعَلَانِ
		৬	جَمْع مؤنث غَائِب [বহুবচন]	فَعَلْنَ	يَفْعَلْنَ
৩.	مُذَكَّر حَاضِرْ [মধ্যম পুরুষ পুংলিঙ্গ]-এর ৩টি صِيْغَه [রূপ] :	৭	وَاحِد مُذَكَّر حَاضِرْ [একবচন]	فَعَلْتَ	تَفْعَلُ
		৮	تَثْنِيَه مُذَكَّر حَاضِرْ [দ্বিবচন]	فَعَلْتُمَا	تَفْعَلَانِ
		৯	جَمْع مُذَكَّر حَاضِرْ [বহুবচন]	فَعَلْتُمْ	تَفْعَلُوْنَ

www.absweet.com

ক্র. নং	পুরুষ ও লিঙ্গ	সিগাহ নং	সিগাহ	مَاضِى	مُضَارِعُ
৪.	مُؤَنَّثُ حَاضِرُ [মধ্যম পুরুষ স্ত্রীলিঙ্গ]-এর ৩টি صِيْغَه [রূপ] :	১০	وَاحِد مُؤَنَّثُ حَاضِرُ [একবচন]	فَعَلْتِ	تَفْعَلِيْنَ
		১১	تَثْنِيَه مُؤَنَّثُ حَاضِرُ [দ্বিবচন]	فَعَلْتُمَا	تَفْعَلَانِ
		১২	جَمْع مُؤَنَّثُ حَاضِرُ [বহুবচন]	فَعَلْتُنَّ	تَفْعَلْنَ
৫.	مُتَكَلِّمُ [উত্তম পুরুষ (পুং/স্ত্রীলিঙ্গ]-এর ২টি صِيْغَه [রূপ]	১৩	وَاحِد مُتَكَلِّمُ- مُذَكَّر/مُؤَنَّثُ [একবচন]	فَعَلْتُ	اَفْعَلُ
		১৪	تَثْنِيَة وَجَمْع مُتَكَلِّمُ- مُذَكَّر/مُؤَنَّثُ [দ্বিবচন ও বহুবচন]।	فَعَلْنَا	نَفْعَلُ

উল্লেখ্য যে, وَاحِد مُتَكَلِّمُ -এর মধ্যে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের জন্য একটি صِيْغَه [রূপ] নেওয়া হয়েছে এবং جَمْع مُتَكَلِّمُ -এর মধ্যে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গের দ্বিবচন ও বহুবচনের জন্য মাত্র একটি صِيْغَه [রূপ]-ই নেওয়া হয়েছে। অন্যথায় আরো চারটি صِيْغَه [রূপ] বৃদ্ধি পেয়ে صِيْغَه [রূপ]-এর সংখ্যা হতো– ১৮টি।

اَلْفَاعِلُ : কর্তা

نَصَرَ نَعِيْمٌ [নাঈম সাহায্য করল]। ضَرَبَ خَالِدٌ [খালিদ মেরেছে]।

উপরের বাক্য দুটিতে نَصَرَ ও ضَرَبَ ফেয়েল দুটিকে যথাক্রমে نَعِيْمٌ ও خَالِدٌ সম্পাদন করেছে, তাই نَعِيْمٌ ও خَالِدٌ হচ্ছে فَاعِل তথা কর্তা। সুতরাং আমরা বলতে পারি, যে শব্দ فِعْل-কে সম্পাদন করে তাকে فَاعِل [কর্তা] বলে। [তবে শর্ত হলো فَاعِل টি فِعْل -এর পরে আসবে]।

وَزْنُ الْأَفْعَال : ক্রিয়ার মানদণ্ড

মানুষ দৈনন্দিন জীবনে অগণিত فِعْل -এর সম্মুখীন হয়। যথা– نَصَرَ [সাহায্য]। شَرِبَ [পান করল]। ضَرَبَ [মারল]। كَتَبَ [লিখল]। هَرَبَ [পালালো]। ذَهَبَ [গেল]। سَمِعَ [শুনল]। جَلَسَ [বসল]। فَعَلَ [করল]। طَلَبَ [খোঁজ করল] ইত্যাদি।

এ সমস্ত فِعْل কে পূর্বের ১৪টি صِيْغَه -তে রূপান্তরের সুবিধার্থে আরবি ভাষাবিদগণ (ف - ع - ل) তিনটি অক্ষর দ্বারা فِعْل -এর وَزْن নির্ধারণ করেছেন।

প্রাথমিকভাবে فِعْل مَاضِى-এর ৪টি وَزْن এবং فِعْل مُضَارِعُ -এর ৪টি وَزْن ঠিক করা হয়েছে।

فِعْل مَاضِى-এর وَزْن সমূহ : فَعْلَلَ - فَعُلَ - فَعِلَ - فَعَلَ

فِعْل مُضَارِعُ -এর وَزْن সমূহ : يُفَعْلِلُ - يَفْعُلُ - يَفْعِلُ - يَفْعَلُ

এ وَزْن -গুলোকে সামনে রেখে অগণিত فِعْل -এর صِيْغَه ঠিক করা যায়। যথা–

بَعْثَرَ = فَعْلَلَ	كَرُمَ = فَعُلَ	سَمِعَ = فَعِلَ	طَلَبَ = فَعَلَ
	قَرُبَ = فَعُلَ	عَلِمَ = فَعِلَ	ضَرَبَ = فَعَلَ
	فَضُلَ = فَعُلَ	حَفِظَ = فَعِلَ	نَصَرَ = فَعَلَ

ف -এর স্থানে যে অক্ষরটি বসে তাকে فَاء كَلِمَه বলা হয়।
ع -এর স্থানে যে অক্ষরটি বসে তাকে عَيْن كَلِمَه বলা হয়।
ل -এর স্থানে যে অক্ষরটি বসে তাকে لَامْ كَلِمَه বলা হয়।

উদাহরণস্বরূপ ضَرَبَ ফেয়েলটিকে فَعَلَ -এর সাথে মিলালে ض-কে فَاء كَلِمَه আর رَاء-কে عَيْن كَلِمَه এবং ب-কে لَامْ كَلِمَه বলতে হবে।

اَلضَّمِيْرُ : সর্বনাম

সংজ্ঞা : আমি, আমরা, তুমি, সে, তারা, আমাকে, আমাদেরকে, তোমাকে, তোমাদেরকে, তাকে, তাদেরকে, আমার, আমাদের, তোমার, তোমাদের, তার, তাদের ইত্যাদি শব্দ বুঝানোর জন্য আরবি ভাষায় যে সমস্ত শব্দ ব্যবহার করা হয়, সেগুলো ضَمِيْر বলা হয়। যথা– هُوَ - সে, أَنْتَ - তুমি, أَنَا - আমি।

সে, তারা, তুমি, তোমরা, আমি, আমরা অর্থের ضَمِيْر গুলোর বর্ণনা :

فِعْل -এর সাথে যুক্ত হলে এদের রূপ :

ضَمِيْر	অর্থ	লিঙ্গ ও বচন	فِعْل مَاضِى	ضَمِيْر-এর রূপ	فِعْل مُضَارِعْ	ضَمِيْر-এর রূপ
هُوَ	সে	পুং - এক	فَعَلَ	উহ্য (هُوَ)	يَفْعَلُ	উহ্য (هُوَ)
هُمَا	তারা	পুং - দুই	فَعَلَا	ا	يَفْعَلَانِ	ا
هُمْ	তারা	পুং - দু' -এর অধিক	فَعَلُوْا	وْ	يَفْعَلُوْنَ	وْ
هِيَ	সে	স্ত্রী - এক	فَعَلَتْ	উহ্য (هِيَ)	تَفْعَلُ	উহ্য (هِيَ)
هُمَا	তারা	স্ত্রী - দুই	فَعَلَتَا	تَا	تَفْعَلَانِ	ا
هُنَّ	তারা	স্ত্রী - দু' -এর অধিক	فَعَلْنَ	نَ	يَفْعَلْنَ	نَ
أَنْتَ	তুমি	পুং - এক	فَعَلْتَ	تَ	تَفْعَلُ	উহ্য (أَنْتَ)
أَنْتُمَا	তোমরা	পুং - দুই	فَعَلْتُمَا	تُمَا	تَفْعَلَانِ	ا
أَنْتُمْ	তোমরা	পুং - দু' -এর অধিক	فَعَلْتُمْ	تُمْ	تَفْعَلُوْنَ	وْ
أَنْتِ	তুমি	স্ত্রী - এক	فَعَلْتِ	تِ	تَفْعَلِيْنَ	ى
أَنْتُمَا	তোমরা	স্ত্রী - দুই	فَعَلْتُمَا	تُمَا	تَفْعَلَانِ	ا
أَنْتُنَّ	তোমরা	স্ত্রী - দু' -এর অধিক	فَعَلْتُنَّ	تُنَّ	تَفْعَلْنَ	نَ

www.abeyer.com

ضَمِيْر	অর্থ	লিঙ্গ ও বচন	فِعْل مَاضِى	فِعْل مُضَارِعُ	ضَمِيْر-এর রূপ
أَنَا	আমি	পুং/স্ত্রী এক	فَعَلْتُ	تُ	(أَنَا) উহ্য
نَحْنُ	আমরা	পুং/স্ত্রী একাধিক	فَعَلْنَا	نَا	(نَحْنُ) উহ্য

জ্ঞাতব্য : প্রথম ছয়টি ضَمِيْر الغَائِب ضَمِيْر-কে পরবর্তী ছয়টি ضَمِيْر الحَاضِر ضَمِيْر-কে এবং শেষ দুটি ضَمِيْر المُتَكَلِّمْ ضَمِيْر-কে বলে।

فِعْل أَمْر -এর সাথে যমীরের রূপ :

ضَمِيْر	অর্থ	লিঙ্গ ও বচন	فِعْل الْأَمْر	ضَمِيْر-এর রূপ
أَنْتَ	তুমি	পুং - এক	اِفْعَلْ	(أَنْتَ) উহ্য
أَنْتُمَا	তোমরা	পুং - দুই	اِفْعَلَا	ا
أَنْتُمْ	তোমরা	পুং - দু' -এর অধিক	اِفْعَلُوْا	وْ
أَنْتِ	তুমি	স্ত্রী - এক	اِفْعَلِيْ	يْ
أَنْتُمَا	তোমরা	স্ত্রী - দুই	اِفْعَلَا	ا
أَنْتُنَّ	তোমরা	স্ত্রী - দু' -এর অধিক	اِفْعَلْنَ	نَ

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১. আরবি ভাষায় وَزْنُ الْأَفْعَالِ কয়টি ও কী কী? লিখ।

২. আরবি ভাষায় فِعْل -এর কয়টি صِيْغَه বা রূপ রয়েছে? প্রত্যেকটির বিবরণ দাও।

৩. غَائِب -এর صِيْغَه কয়টি ও কী কী? লিখ।

৪. مُتَكَلِّمْ ও حَاضِرْ -এর صِيْغَه কয়টি ও কী কী? লিখ।

৫. مُضَارِعُ ও مَاضِى -এর প্রাথমিক وَزْن -গুলো কী কী? উদাহরণসহ লিখ।

৬. لَامُ كَلِمَه ও عَيْن كَلِمَه - فَاء كَلِمَه বলতে কী বুঝ? উদাহরণসহ বুঝিয়ে লিখ।

৭. সে তারা, তুমি, তোমরা, আমি, আমরা অর্থে- ضَمِيْر-গুলো অর্থসহ মুখস্থ লিখ।

৮. فِعْل مَاضِى -এর সাথে ضَمِيْر -গুলোর রূপ কী? লিখ।

৯. فِعْل مُضَارِعُ -এর সাথে ضَمِيْر -গুলোর রূপ কী? লিখ।

১০. فِعْل الْأَمْر -এর সাথে ضَمِيْر -গুলোর রূপ কী? লিখ।

১১. ضَمِيْرُ الْمُتَكَلِّم - ضَمِيْرُ الْحَاضِر - ضَمِيْرُ الْغَائِب -গুলো অর্থসহ লিখ।

১২. فِعْل مَجْهُوْل ও فِعْل مَعْرُوْف কাকে বলে? উদাহরণসহ লিখ।

১৩. فِعْل إِثْبَات ও فِعْل نَفِى কাকে বলে? উদাহরণসহ লিখ।

www.BanglaBook.org

بَحْث فِعْل مَاضِىْ
[অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

فِعْل مَاضِى -এর পরিচয় : যে فِعْل [ক্রিয়া] অতীতকালে কোনো কাজ করেছে বা হয়েছে বুঝায়, তাকে فِعْل مَاضِى বলে। যেমন- ضَرَبَ [সে মারল], سَمِعَ [সে শুনল], كَرُمَ [সে সম্মানিত হলো]।

فِعْل مَاضِى তার অতীত কালের বা সময়ের তারতম্য হিসেবে ছয় প্রকার। যথা-

১. مَاضِى مُطْلَق [সাধারণ অতীতকাল]। যথা- فَعَلَ [সে করল]।

২. مَاضِى قَرِيْب [নিকটবর্তী অতীতকাল]। যথা- قَدْ فَعَلَ [সে এইমাত্র করেছে]।

৩. مَاضِى بَعِيْد [দূরবর্তী অতীতকাল]। যথা- كَانَ فَعَلَ [সে করেছিল]।

৪. مَاضِى اِسْتِمْرَارِى [চলমান অতীতকাল]। যথা- كَانَ يَفْعَلُ [সে করছিল]।

৫. مَاضِى اِحْتِمَالِى [সন্দেহসূচক অতীতকাল]। যথা- لَعَلَّمَا فَعَلَ [সম্ভবত সে করেছে]।

৬. مَاضِى تَمَنِّائِى [আকাঙ্ক্ষাসূচক অতীতকাল]। যথা- لَيْتَمَا فَعَلَ [হায়! যদি সে করতো]।

فِعْل مَاضِى -এর উপরিউক্ত প্রকারগুলোর পরিচিতি ও গঠনপ্রণালী প্রত্যেক প্রকারের আলোচনায় বর্ণনা করা হবে। [ইনশাআল্লাহ]

بَحْث اِثْبَات فِعْل مَاضِىْ مُطْلَق مَعْرُوْف
[কর্তৃবাচ্যে হ্যাঁ-বাচক সাধারণ অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

اِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَعْرُوْف -এর পরিচয় : যে فِعْل [ক্রিয়া] সাধারণ অতীতকালে কোনো কাজ করল বা হলো বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে, তাকে اِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَعْرُوْف বলে। যেমন- ضَرَبَ [সে মারল], سَمِعَ [সে শুনল] ইত্যাদি।

গঠনপ্রণালী : তিন অক্ষরযুক্ত مَصْدَر [ক্রিয়ামূল]-এর فَاء كَلِمَه [প্রথম বর্ণ]-তে যবর এবং عَيْن كَلِمَه [মধ্যবর্ণ]-তে বাব অনুযায়ী পেশ, যবর অথবা যের দিয়ে لَام كَلِمَه [শেষ বর্ণ]-তে যবর দিলেই وَاحِد مُذَكَّر غَائِب -এর সীগাহটি গঠিত হয়। বাকি সীগাহ গুলো গঠন করতে হলে وَاحِد مُذَكَّر غَائِب-এর শেষে ঐ সকল সীগার যমীর সংযুক্ত করে দিলেই গঠিত হয়ে যায়।

www.abswer.com

গ্রুপ [রূপান্তর]	অর্থ [অর্থ]	সীগা [রূপ]	বচন [বচন]	লিঙ্গ [লিঙ্গ]	শখস [পুরুষ]
فَعَلَ	সে [একজন পুরুষ] করল	واحد مذكر غائب	একবচন	পুংলিঙ্গ	নাম পুরুষ
فَعَلَا	তারা [দু'জন পুরুষ] করল	تثنية مذكر غائب	দ্বিবচন		
فَعَلُوا	তারা [সকল পুরুষ] করল	جمع مذكر غائب	বহুবচন		
فَعَلَتْ	সে [একজন স্ত্রী] করল	واحد مؤنث غائب	একবচন	স্ত্রীলিঙ্গ	
فَعَلَتَا	তারা [দু'জন স্ত্রী] করল	تثنية مؤنث غائب	দ্বিবচন		
فَعَلْنَ	তারা [সকল স্ত্রী] করল	جمع مؤنث غائب	বহুবচন		
فَعَلْتَ	তুমি [একজন পুরুষ] করলে	واحد مذكر حاضر	একবচন	পুংলিঙ্গ	মধ্যম পুরুষ
فَعَلْتُمَا	তোমরা [দু'জন পুরুষ] করলে	تثنية مذكر حاضر	দ্বিবচন		
فَعَلْتُمْ	তোমরা [সকল পুরুষ] করলে	جمع مذكر حاضر	বহুবচন		
فَعَلْتِ	তুমি [একজন স্ত্রী] করলে	واحد مؤنث حاضر	একবচন	স্ত্রীলিঙ্গ	
فَعَلْتُمَا	তোমরা [দু'জন স্ত্রী] করলে	تثنية مؤنث حاضر	দ্বিবচন		
فَعَلْتُنَّ	তোমরা [সকল স্ত্রী] করলে	جمع مؤنث حاضر	বহুবচন		
فَعَلْتُ	আমি [একজন পুং/স্ত্রী] করলাম	واحد متكلم (مذكر مؤنث)	একবচন	পুং/স্ত্রী	উত্তম পুরুষ
فَعَلْنَا	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] করলাম	جمع متكلم (مذكر/مؤنث، تثنية/جمع)	দ্বিবচন/ বহুবচন		

শিক্ষক নির্দেশিকা :

১. শিক্ষক মহোদয় উক্ত بَحْث টি ছাত্রদেরকে ভালোভাবে মুখস্থ করানোর পর নিম্নোক্ত فِعْل -গুলো দ্বারা فِعْل مَاضِى -এর ১৪টি صِيْغَه অর্থসহ বলতে ও লিখতে সাহায্য করবেন।

مَدَحَ - সে প্রশংসা করল [একজন পুরুষ]। حَمِدَ - সে প্রশংসা করল [একজন পুরুষ]।
مَنَعَ - সে বাধা দিল [একজন পুরুষ]। فَهِمَ - সে বুঝল [একজন পুরুষ]।
مَنَحَ - সে দান করল [একজন পুরুষ]। طَهُرَ - সে পবিত্র হলো [একজন পুরুষ]।
ضَرَبَ - সে প্রহার করল [একজন পুরুষ]। بَعُدَ - সে দূরবর্তী হলো [একজন পুরুষ]।
ظَلَمَ - সে অত্যাচার করল [একজন পুরুষ]। قَرُبَ - সে নিকটবর্তী হলো [একজন পুং]।
شَهِدَ - সে সাক্ষ্য দিল [একজন পুরুষ]। فَضُلَ - সে সম্মানিত হলো [একজন পুরুষ]।
فَرِحَ - সে খুশি হলো [একজন পুরুষ]।

www.banglainternet.com

২. ছাত্র-ছাত্রীদেরকে ব্রাকেটে উল্লিখিত فِعْل -গুলো দ্বারা প্রয়োজনীয় পরিবর্তন করে শূন্যস্থান পূরণ করার নির্দেশ প্রদান করুন!

هُوَ = (دَخَلَ)، هُمَا = (دَخَلَا)

هِيَ	أَنْتِ .....
هُنَّ	أَنْتُنَّ .....
أَنْتَ	أَنَا .....
أَنْتُمَا	نَحْنُ .....

৩. ছাত্র-ছাত্রীদেরকে - شَرُفَ - حَسُنَ - حَزِنَ - غَضِبَ - فَرِحَ - شَرِبَ - نَظَرَ - جَلَسَ - فَتَلَ - غَسَلَ ইত্যাদি فِعْل দ্বারা إِثْبَات فِعْل مَاضِى ، مُطْلَق مَعْرُوْف -এর সীগাগুলো লেখার নির্দেশ প্রদান করুন।

بَحْث إِثْبَات فِعْل مَاضِىْ مُطْلَق مَجْهُوْل

[কর্মবাচ্যে হ্যাঁ-বাচক সাধারণ অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

إِثْبَات فِعْل مَاضِى ، مُطْلَق مَجْهُوْل -এর পরিচয় : যে فِعْل [ক্রিয়া] সাধারণ অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে না, তাকে إِثْبَات فِعْل مَاضِى ، مُطْلَق مَجْهُوْل বলে। যেমন– قُتِلَ [তাকে হত্যা করা হলো]।

গঠনপ্রণালী : مَاضِى ، مُطْلَق مَجْهُوْل গঠন করতে হলে مَاضِى ، مُطْلَق مَعْرُوْف -এর সীগার প্রথম অক্ষর (فَاء كَلِمَه)-কে পেশ এবং মাঝের অক্ষর (عَيْن كَلِمَه)-কে যের প্রদান প্রদান করতে হবে, [যদি عَيْن كَلِمَه পেশ অথবা যবরবিশিষ্ট হয়]। যেমন– فُعِلَ থেকে فَعَلَ। কিন্তু عَيْن كَلِمَه যের বিশিষ্ট হলে তা বহাল থাকবে]। আর শেষ অক্ষর (لَام كَلِمَه)-কে পূর্বাবস্থায় রাখতে হবে। তবেই مَاضِى ، مُطْلَق مَجْهُوْل গঠিত হবে। যেমন– فُعِلَ থেকে فَعَلَ ؛ نُصِرَ থেকে نَصَرَ ؛ سُمِعَ থেকে سَمِعَ ؛

বি. দ্র. مَاضِى ، مُطْلَق مَجْهُوْل -এর উল্লিখিত গঠনপ্রণালী শুধু ثُلَاثِى مُجَرَّد -এর ক্ষেত্রে প্রযোজ্য। বাকি অন্যান্য বাবের গঠনপ্রণালী সামনে বর্ণনা করা হবে।

উল্লেখ্য যে, فِعْل -সমূহ দু'প্রকার। যথা- ১. لَازِم ২. مُتَعَدِّى

১. لَازِم ঐ فِعْل-কে বলে, যে فِعْل তার فَاعِل দ্বারা পূর্ণ হয়ে যায়, مَفْعُوْلٍ بِه -এর প্রয়োজন হয় না। যথা- قَامَ زَيْدٌ

২. مُتَعَدِّى ঐ فِعْل-কে বলে, যে فِعْل তার فَاعِل দ্বারা পূর্ণ হয় না; বরং مَفْعُوْلٍ بِه -এর মুখাপেক্ষী হয়। যথা- نَصَرَ زَيْدٌ بَكْرًا [যায়েদ বকরকে সাহায্য করেছে]

গঠন [রূপান্তর]	معنى [অর্থ]	صيغة [রূপ]	عدد [বচন]	جنس [লিঙ্গ]	شخص [পুরুষ]
فُعِلَ	সে [একজন পুরুষ] কৃত হলো	واحد مذكر غائب	একবচন	পুংলিঙ্গ	নাম পুরুষ
فُعِلَا	তারা [দু'জন পুরুষ] কৃত হলো	تثنية مذكر غائب	দ্বিবচন		
فُعِلُوْا	তারা [সকল পুরুষ] কৃত হলো	جمع مذكر غائب	বহুবচন		
فُعِلَتْ	সে [একজন স্ত্রী] কৃত হলো	واحد مؤنث غائب	একবচন	স্ত্রীলিঙ্গ	
فُعِلَتَا	তারা [দু'জন স্ত্রী] কৃত হলো	تثنية مؤنث غائب	দ্বিবচন		
فُعِلْنَ	তারা [সকল স্ত্রী] কৃত হলো	جمع مؤنث غائب	বহুবচন		
فُعِلْتَ	তুমি [একজন পুরুষ] কৃত হলে	واحد مذكر حاضر	একবচন	পুংলিঙ্গ	মধ্যম পুরুষ
فُعِلْتُمَا	তোমরা [দু'জন পুরুষ] কৃত হলে	تثنية مذكر حاضر	দ্বিবচন		
فُعِلْتُمْ	তোমরা [সকল পুরুষ] কৃত হলে	جمع مذكر حاضر	বহুবচন		
فُعِلْتِ	তুমি [একজন স্ত্রী] কৃত হলে	واحد مؤنث حاضر	একবচন	স্ত্রীলিঙ্গ	
فُعِلْتُمَا	তোমরা [দু'জন স্ত্রী] কৃত হলে	تثنية مؤنث حاضر	দ্বিবচন		
فُعِلْتُنَّ	তোমরা [সকল স্ত্রী] কৃত হলে	جمع مؤنث حاضر	বহুবচন		
فُعِلْتُ	আমি [একজন পুং/স্ত্রী] কৃত হলাম	واحد متكلم (مذكر/مؤنث)	একবচন	পুং/স্ত্রী	উত্তম পুরুষ
فُعِلْنَا	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] কৃত হলাম	جمع متكلم (مذكر/مؤنث، تثنية/جمع)	দ্বিবচন/ বহুবচন		

শিক্ষক নির্দেশিকা : শিক্ষক মহোদয় উক্ত بَحْث টি ছাত্রদেরকে ভালোভাবে মুখস্থ করানোর পর তাদেরকে নিম্নোক্ত فِعْل -গুলো দ্বারা إِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَجْهُوْل -এর صِيْغَه -গুলোর রূপান্তর বলতে ও লিখতে সাহায্য করবেন-

مُدِحَ - সে [একজন পুরুষ] প্রশংসিত হলো। غُفِرَ - সে [একজন পুরুষ] ক্ষমাপ্রাপ্ত হলো।

مُنِعَ - সে [একজন পুরুষ] বাধাপ্রাপ্ত হলো। ظُلِمَ - সে [একজন পুরুষ] অত্যাচারিত হলো।

ضُرِبَ - সে [একজন পুরুষ] প্রহৃত হলো।

بَحْث نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف

[কর্তৃবাচ্যে না-বাচক সাধারণ অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف -এর পরিচয় : যে فِعْل [ক্রিয়া] সাধারণ অতীতকালে কোনো কাজ করেনি বা হয়নি বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে, তাকে نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف বলে। যেমন- مَا فَعَلَ [সে করেনি], مَا مَنَعَ [সে বাধা দেয়নি] ইত্যাদি।

গঠনপ্রণালী : اِثْبَات فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف গঠন করতে হলে نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف -এর সীগার পূর্বে না-অর্থবোধক একটি مَا যোগ করতে হবে। এই مَا অক্ষরটি শব্দের মধ্যে কোনো পরিবর্তন সাধন করে না; তবে অর্থের মধ্যে হ্যাঁ অর্থকে না অর্থে পরিবর্তন করে দেয়। যেমন- فَعَلَ [সে করল] থেকে مَا فَعَلَ [সে করেনি], مَنَعَ [সে বাধা দিল] থেকে مَا مَنَعَ [সে বাধা দেয়নি], قَتَلَ [সে হত্যা করল] থেকে مَا قَتَلَ [সে হত্যা করেনি]।

شخص [পুরুষ]	جنس [লিঙ্গ]	عدد [বচন]	صيغة [রূপ]	معنى [অর্থ]	گردان [রূপান্তর]
নাম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر غائب	সে [একজন পুরুষ] করেনি	مَا فَعَلَ
		দ্বিবচন	تثنية مذكر غائب	তারা [দু'জন পুরুষ] করেনি	مَا فَعَلَا
		বহুবচন	جمع مذكر غائب	তারা [সকল পুরুষ] করেনি	مَا فَعَلُوْا
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث غائب	সে [একজন স্ত্রী] করেনি	مَا فَعَلَتْ
		দ্বিবচন	تثنية مؤنث غائب	তারা [দু'জন স্ত্রী] করেনি	مَا فَعَلَتَا
		বহুবচন	جمع مؤنث غائب	তারা [সকল স্ত্রী] করেনি	مَا فَعَلْنَ
মধ্যম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر حاضر	তুমি [একজন পুরুষ] করনি	مَا فَعَلْتَ
		দ্বিবচন	تثنية مذكر حاضر	তোমরা [দু'জন পুরুষ] করনি	مَا فَعَلْتُمَا
		বহুবচন	جمع مذكر حاضر	তোমরা [সকল পুরুষ] করনি	مَا فَعَلْتُمْ
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث حاضر	তুমি [একজন স্ত্রী] করনি	مَا فَعَلْتِ
		দ্বিবচন	تثنية مؤنث حاضر	তোমরা [দু'জন স্ত্রী] করনি	مَا فَعَلْتُمَا
		বহুবচন	جمع مؤنث حاضر	তোমরা [সকল স্ত্রী] করনি	مَا فَعَلْتُنَّ
উত্তম পুরুষ	পুং/স্ত্রী	একবচন	واحد متكلم (مذكر/مؤنث)	আমি [একজন পুং/স্ত্রী] করিনি	مَا فَعَلْتُ
		দ্বিবচন/ বহুবচন	جمع متكلم (مذكر/مؤنث، تثنية/جمع)	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] করিনি	مَا فَعَلْنَا

www.kitsweer.com

بَحْث نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَجْهُوْل

[কর্মবাচ্যে না-বাচক সাধারণ অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَجْهُوْل -এর পরিচয় : যে فِعْل [ক্রিয়া] সাধারণ অতীতকালে কোনো কাজ না করা বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে না, তাকে نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَجْهُوْل বলে। যেমন- مَا فُعِلَ [সে কৃত হয়নি], مَا قُتِلَ [তাকে হত্যা করা হয়নি]।

গঠনপ্রণালী : اِثْبَات فِعْل مَاضِيْ مُطْلَق مَجْهُوْل গঠন করতে হলে نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَجْهُوْل -এর পূর্বে না-অর্থবোধক একটি مَا যোগ করতে হবে। এই مَا অক্ষরটি শব্দের মধ্যে কোনো পরিবর্তন সাধন করে না; তবে অর্থের মধ্যে 'হ্যাঁ' অর্থকে 'না' অর্থে পরিবর্তন করে দেয়। যেমন- فُعِلَ থেকে مَا فُعِلَ এবং قُتِلَ থেকে مَا قُتِلَ :

شخص [পুরুষ]	جنس [লিঙ্গ]	عدد [বচন]	صيغة [রূপ]	معنى [অর্থ]	گردان [রূপান্তর]
নাম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر غائب	সে [একজন পুরুষ] কৃত হলো না	مَا فُعِلَ
		দ্বিবচন	تثنية مذكر غائب	তারা [দু'জন পুরুষ] কৃত হলো না	مَا فُعِلَا
		বহুবচন	جمع مذكر غائب	তারা [সকল পুরুষ] কৃত হলো না	مَا فُعِلُوْا
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث غائب	সে [একজন স্ত্রী] কৃত হলো না	مَا فُعِلَتْ
		দ্বিবচন	تثنية مؤنث غائب	তারা [দু'জন স্ত্রী] কৃত হলো না	مَا فُعِلَتَا
		বহুবচন	جمع مؤنث غائب	তারা [সকল স্ত্রী] কৃত হলো না	مَا فُعِلْنَ
মধ্যম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر حاضر	তুমি [একজন পুরুষ] কৃত হলে না	مَا فُعِلْتَ
		দ্বিবচন	تثنية مذكر حاضر	তোমরা [দু'জন পুরুষ] কৃত হলে না	مَا فُعِلْتُمَا
		বহুবচন	جمع مذكر حاضر	তোমরা [সকল পুরুষ] কৃত হলে না	مَا فُعِلْتُمْ
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث حاضر	তুমি [একজন স্ত্রী] কৃত হলে না	مَا فُعِلْتِ
		দ্বিবচন	تثنية مؤنث حاضر	তোমরা [দু'জন স্ত্রী] কৃত হলে না	مَا فُعِلْتُمَا
		বহুবচন	جمع مؤنث حاضر	তোমরা [সকল স্ত্রী] কৃত হলে না	مَا فُعِلْتُنَّ
উত্তম পুরুষ	পুং/স্ত্রী	একবচন	واحد متكلم (مذكر/مؤنث)	আমি [একজন পুং/স্ত্রী] কৃত হলাম না	مَا فُعِلْتُ
		দ্বিবচন/ বহুবচন	جمع متكلم (مذكر / مؤنث، تثنية / جمع)	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] কৃত হলাম না	مَا فُعِلْنَا

www.pdfbyweb.com

اَلتَّمْرِيْنُ : অনুশীলনী

১. فِعْل مَاضِى কত প্রকার ও কী কী?

২. اِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَعْرُوْف -এর পরিচিতি ও গঠনপ্রণালী বর্ণনা কর।

৩. فِعْل [ক্রিয়া] -এর মধ্যে মূল অক্ষর হিসেবে কালিমা কয়টি ও কী কী?

৪. اِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَجْهُوْل -এর পরিচিতি ও গঠনপ্রণালী বর্ণনা কর।

৫. نَفِى فِعْل مَاضِى مُطْلَق مَعْرُوْف -এর পরিচিতি ও গঠনপ্রণালী বর্ণনা কর।

৬. নিম্নোক্ত مَصْدَر গুলো দ্বারা পূর্বোক্ত اِثْبَات فِعْل مَاضِى مُطْلَق مَعْرُوْف ও مَجْهُوْل -এর রূপান্তরগুলো লিখ।
اَلْعِلْمُ [জানা], اَلْحَمْدُ [প্রশংসা করা], اَلشُّرْبُ [পান করা], اَلنَّصْرُ [সাহায্য করা], اَلسَّمْعُ [শ্রবণ করা]

৭. সীগাহ, অর্থ ও বহুছ বল : سَمِعَتْ - ضُرِبَتْ - مَا كَتَبُوْا - مَا مُنِعَتْ - مَا كَتَبَ - ضَرَبْنَ

৮. আরবি কর :

ক. তারা [দু'জন স্ত্রী] করল।
খ. তোমাদের [সকল পুরুষ]-কে সাহায্য করা হলো।
গ. আমি [একজন পুরুষ/ স্ত্রী] করিনি।
ঘ. তোমাদের [সকল স্ত্রী]-কে সাহায্য করা হলো।
ঙ. তারা [দু'জন পুরুষ] করেনি।

ছয় প্রকার مَاضِىْ -এর সংক্ষিপ্ত পরিচিতি

১. مَاضِى مُطْلَق [সাধারণ অতীতকাল] : যে فِعْل সাধারণ অতীতকালে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে مَاضِى مُطْلَق বলা হয়। যেমন- كَتَبَ [সে লিখল]।

২. مَاضِى قَرِيْب [নিকটবর্তী অতীতকাল] : যে فِعْل مَاضِى নিকটতম অতীতে অর্থাৎ, কিছুক্ষণ পূর্বে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে مَاضِى قَرِيْب বলা হয়। যেমন- قَدْ كَتَبْتُ [আমি (এই মাত্র) লিখেছি]।

৩. مَاضِى بَعِيْد [দূরবর্তী অতীতকাল] : যে فِعْل مَاضِى অনেক আগে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে مَاضِى بَعِيْد বলা হয়। যেমন- كُنْتُ كَتَبْتُ [আমি (অনেক আগে) লিখেছিলাম]।

৪. مَاضِى اِسْتِمْرَارِى [চলমান অতীতকাল] : যে فِعْل مَاضِى অতীতকালে ব্যাপক সময় পর্যন্ত কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে مَاضِى اِسْتِمْرَارِى বলা হয়। যেমন- كَانَ يَكْتُبُ [সে লিখছিল]।

৫. مَاضِى اِحْتِمَالِى [সম্ভাবনা বা সন্দেহসূচক অতীতকাল] : যে فِعْل مَاضِى অতীতকালে সন্দেহজনকভাবে কোনো কাজ করা বা হওয়া বুঝায়, তাকে مَاضِى اِحْتِمَالِى বলা হয়। যেমন- لَعَلَّمَا كَتَبَ [সম্ভবত সে লিখেছে]।

৬. مَاضِى تَمَنِّى [আশাসূচক অতীতকাল] : যে فِعْل مَاضِى অতীতকালে কোনো কাজ করা বা হওয়ার আশা প্রকাশ করা বুঝায়, তাকে مَاضِى تَمَنِّى বলা হয়। যেমন- لَيْتَمَا كَتَبَ [যদি সে লিখতো]।

بَحْث اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَعْرُوْف

[কর্তৃবাচ্যে হ্যাঁ-বাচক নিকটবর্তী অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَعْرُوْف -এর পরিচয় : যে فِعْل কিছুক্ষণ পূর্বে কোনো কাজ করেছে বা হয়েছে বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে, তাকে اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَعْرُوْف বলে। যেমন– قَدْ فَعَلَ [সে এইমাত্র করেছে], قَدْ كَتَبَ [সে এইমাত্র লিখেছে]।

গঠনপ্রণালী : اِثْبَات فِعْل مَاضِىْ مُطْلَق مَعْرُوْف -এর পূর্বে قَدْ বসালেই قَدْ فَعَلَ থেকে قَدْ فَعَلَ এবং قَدْ كَتَبَ থেকে قَدْ كَتَبَ গঠিত হয়। যেমন– قَرِيْب مَعْرُوْف

শখস [পুরুষ]	জিন্স [লিঙ্গ]	আদাদ [বচন]	সীগাহ [রূপ]	মা'না [অর্থ]	গরদান [রূপান্তর]
নাম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر غائب	সে [একজন পুরুষ] এইমাত্র করেছে	قَدْ فَعَلَ
		দ্বিবচন	تثنية مذكر غائب	তারা [দু'জন পুরুষ] এইমাত্র করেছে	قَدْ فَعَلَا
		বহুবচন	جمع مذكر غائب	তারা [সকল পুরুষ] এইমাত্র করেছে	قَدْ فَعَلُوْا
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث غائب	সে [একজন স্ত্রী] এইমাত্র করেছে	قَدْ فَعَلَتْ
		দ্বিবচন	تثنية مؤنث غائب	তারা [দু'জন স্ত্রী] এইমাত্র করেছে	قَدْ فَعَلَتَا
		বহুবচন	جمع مؤنث غائب	তারা [সকল স্ত্রী] এইমাত্র করেছে	قَدْ فَعَلْنَ
মধ্যম পুরুষ	পুংলিঙ্গ	একবচন	واحد مذكر حاضر	তুমি [একজন পুরুষ] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتَ
		দ্বিবচন	تثنية مذكر حاضر	তোমরা [দু'জন পুরুষ] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتُمَا
		বহুবচন	جمع مذكر حاضر	তোমরা [সকল পুরুষ] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتُمْ
	স্ত্রীলিঙ্গ	একবচন	واحد مؤنث حاضر	তুমি [একজন স্ত্রী] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتِ
		দ্বিবচন	تثنية مؤنث حاضر	তোমরা [দু'জন স্ত্রী] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتُمَا
		বহুবচন	جمع مؤنث حاضر	তোমরা [সকল স্ত্রী] এইমাত্র করেছ	قَدْ فَعَلْتُنَّ
উত্তম পুরুষ	পুং/স্ত্রী	একবচন	واحد متكلم (مذكر/مؤنث)	আমি [একজন পুং/স্ত্রী] এইমাত্র করেছি	قَدْ فَعَلْتُ
		দ্বিবচন/ বহুবচন	جمع متكلم (مذكر/ مؤنث، تثنية/جمع)	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] এইমাত্র করেছি	قَدْ فَعَلْنَا

www.asvet.com

بَحْث اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَجْهُوْل

[কর্মবাচ্যে হ্যাঁ-বাচক নিকটবর্তী অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَجْهُوْل -এর পরিচয় : যে فِعْل কিছুক্ষণ পূর্বে কোনো কাজ করেছে বা হয়েছে বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে না, তাকে اِثْبَات فِعْل مَاضِىْ قَرِيْب مَجْهُوْل বলে। যেমন– قَدْ فُعِلَ [সে এইমাত্র কৃত হয়েছে], قَدْ نُصِرَ [সে এইমাত্র সাহায্যপ্রাপ্ত হয়েছে]।

গঠনপ্রণালী : اِثْبَات فِعْل مَاضِىْ مُطْلَق مَجْهُوْل -এর পূর্বে قَدْ বসালেই قَدْ نُصِرَ থেকে قَدْ فُعِلَ থেকে قَدْ فُعِلَ এবং قَرِيْب مَجْهُوْل গঠিত হয়। যেমন–

গ্রদান [রূপান্তর]	معنى [অর্থ]	صيغة [রূপ]	عدد [বচন]	جنس [লিঙ্গ]	شخص [পুরুষ]
قَدْ فُعِلَ	সে [একজন পুরুষ] এইমাত্র কৃত হয়েছে	واحد مذكر غائب	একবচন	পুংলিঙ্গ	নাম পুরুষ
قَدْ فُعِلَا	তারা [দু'জন পুরুষ] এইমাত্র কৃত হয়েছে	تثنية مذكر غائب	দ্বিবচন		
قَدْ فُعِلُوْا	তারা [সকল পুরুষ] এইমাত্র কৃত হয়েছে	جمع مذكر غائب	বহুবচন		
قَدْ فُعِلَتْ	সে [একজন স্ত্রী] এইমাত্র কৃত হয়েছে	واحد مؤنث غائب	একবচন	স্ত্রীলিঙ্গ	
قَدْ فُعِلَتَا	তারা [দু'জন স্ত্রী] এইমাত্র কৃত হয়েছে	تثنية مؤنث غائب	দ্বিবচন		
قَدْ فُعِلْنَ	তারা [সকল স্ত্রী] এইমাত্র কৃত হয়েছে	جمع مؤنث غائب	বহুবচন		
قَدْ فُعِلْتَ	তুমি [একজন পুরুষ] এইমাত্র কৃত হয়েছ	واحد مذكر حاضر	একবচন	পুংলিঙ্গ	মধ্যম পুরুষ
قَدْ فُعِلْتُمَا	তোমরা [দু'জন পুরুষ] এইমাত্র কৃত হয়েছ	تثنية مذكر حاضر	দ্বিবচন		
قَدْ فُعِلْتُمْ	তোমরা [সকল পুরুষ] এইমাত্র কৃত হয়েছ	جمع مذكر حاضر	বহুবচন		
قَدْ فُعِلْتِ	তুমি [একজন স্ত্রী] এইমাত্র কৃত হয়েছ	واحد مؤنث حاضر	একবচন	স্ত্রীলিঙ্গ	
قَدْ فُعِلْتُمَا	তোমরা [দু'জন স্ত্রী] এইমাত্র কৃত হয়েছ	تثنية مؤنث حاضر	দ্বিবচন		
قَدْ فُعِلْتُنَّ	তোমরা [সকল স্ত্রী] এইমাত্র কৃত হয়েছ	جمع مؤنث حاضر	বহুবচন		
قَدْ فُعِلْتُ	আমি [একজন পুং/স্ত্রী] এইমাত্র কৃত হয়েছি	واحد متكلم (مذكر/مؤنث)	একবচন	পুং/স্ত্রী	উত্তম পুরুষ
قَدْ فُعِلْنَا	আমরা [দু' বা ততোধিক পুং/স্ত্রী] এইমাত্র কৃত হয়েছি	جمع متكلم (مذكر/مؤنث، تثنية/جمع)	দ্বিবচন/বহুবচন		

www.amarboi.com

بَحْث نَفِيْ فِعْل مَاضِيْ قَرِيْب مَعْرُوْف

[কর্তৃবাচ্যে না-বাচক নিকটবর্তী অতীতকালবাচক ক্রিয়ার আলোচনা]

نَفِيْ فِعْل مَاضِيْ قَرِيْب مَعْرُوْف -এর পরিচয় : যে فِعْل কিছুক্ষণ পূর্বে বা এইমাত্র কোনো কাজ করেনি বা হয়নি বুঝায় এবং তার فَاعِل তথা কর্তা জানা থাকে, তাকে نَفِيْ فِعْل مَاضِيْ قَرِيْب مَعْرُوْف বলে। যেমন- قَدْ مَافَعَلَ [সে এইমাত্র করেনি]।

গঠনপ্রণালী : نَفِيْ فِعْل مَاضِيْ مُطْلَق مَعْرُوْف -এর পূর্বে একটি قَدْ বসালেই قَدْ مَافَعَلَ থেকে مَا فَعَلَ গঠিত হয়ে যাবে। যেমন- مَاضِيْ قَرِيْب مَعْرُوْف

কারক [রূপান্তর]	معنى [অর্থ]	صيغة [রূপ]	عدد [বচন]	جنس [লিঙ্গ]	شخص [পুরুষ]
قَدْ مَافَعَلَ	সে [একজন পুরুষ] এইমাত্র করেনি	واحد مذكر غائب	একবচন	পুংলিঙ্গ	নাম পুরুষ
قَدْ مَافَعَلَا	তারা [দু'জন পুরুষ] এইমাত্র করেনি	تثنية مذكر غائب	দ্বিবচন		
قَدْ مَافَعَلُوْا	তারা [সকল পুরুষ] এইমাত্র করেনি	جمع مذكر غائب	বহুবচন		
قَدْ مَافَعَلَتْ	সে [একজন স্ত্রী] এইমাত্র করেনি	واحد مؤنث غائب	একবচন	স্ত্রীলিঙ্গ	
قَدْ مَافَعَلَتَا	তারা [দু'জন স্ত্রী] এইমাত্র করেনি	تثنية مؤنث غائب	দ্বিবচন		
